

AKASHVANI(AIR)
RNU:KOLKATA
BengaliText Bulletin

Date 19-12-2025

Time: 7.50 P.M.

বিশেষ বিশেষ খবর -

১) বর্ষীয়ান বিজেপি নেতা ও প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামীকাল এ রাজ্যে আসছেন। নদীয়ার রানাঘাট-তাহেরপুরে তিন হাজার ২০০ কোটি ব্যয়ে দুটি জাতীয় সড়ক প্রকল্পের উদ্বোধন এবং শিলান্যাসের পাশাপাশি পরিবর্তন সংকল্প যাত্রাতেও বক্তব্য রাখবেন তিনি।

এই সভা থেকেই রাজ্যের রাজনৈতিক পরিবর্তনের সূচনা হবে বলেই বিজেপির রাজ্য সভাপতি শমীক ভট্টাচার্য্য মন্তব্য করেছেন।

২) সংসদের উভয় সভার অধিবেশন আজ অনির্দিষ্টকালের জন্য মূলতুবি হয়ে গেছে।

৩) যুবভারতী ক্রীড়াঙ্গন মেসির অনুষ্ঠানে বিশৃঙ্খলা ও ভাঙচুরের ঘটনায় রাজ্য সরকার গঠিত মূল কমিটি ১৫ দিনের মধ্যে মুখ্যমন্ত্রীর কাছে তাদের দ্বিতীয় রিপোর্ট পেশ করবে। অনুষ্ঠানের মূল উদ্যোক্তা শতদ্রু দত্তের বাড়িতে আজ তল্লাশি চালায় পুলিশ।

৪) রাজ্যে ভোটের তালিকা প্রস্তুতি ও সংশোধন প্রক্রিয়াকে আরও স্বচ্ছ, নির্ভুল ও বিশ্বাসযোগ্য করতে নির্বাচন কমিশন, ইলেক্টোরাল রোল মাইক্রো অবজারভার নিয়োগের প্রস্তাবে সম্মতি দিয়েছে।

৫) মহিলাদের অনূর্ধ্ব ১৯ একদিনের ক্রিকেট ট্রফিতে বাংলা ২৪ রানে সৌরাষ্ট্রকে হারিয়ে দিয়েছে।

বর্ষীয়ান বিজেপি নেতা ও প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামীকাল এ রাজ্যে আসছেন। নদীয়ার রানাঘাট-তাহেরপুরে তিন হাজার ২০০ কোটি ব্যয়ে দুটি জাতীয় সড়ক প্রকল্পের উদ্বোধন এবং শিলান্যাস করবেন তিনি। এই প্রকল্প বাস্তবায়িত হলে কলকাতা ও শিলিগুড়ির মধ্যে যাতায়াতের সময় আরও দুঘন্টা কমে যাবে। এরপর ‘পরিবর্তন সংকল্প সভা’-য় বক্তব্য রাখবেন প্রধানমন্ত্রী। দিল্লিতে আজ এক সাংবাদিক বৈঠকে বিজেপি রাজ্য সভাপতি শমীক ভট্টাচার্য জানিয়েছেন, এই সভা থেকেই রাজ্যে রাজনৈতিক পরিবর্তনের সূচনা হবে।

বাইট

তিনি আরও বলেন, বাংলার হত গৌরব পুনরুদ্ধার, শিল্পায়ন, কর্মসংস্থান, শিক্ষা ব্যবস্থার সংস্কার এবং গণতন্ত্র পুনঃপ্রতিষ্ঠার লড়াই আগামীকাল থেকেই শুরু হবে।

এদিকে নদীয়ার তাহেরপুরে আগামীকাল প্রধানমন্ত্রির সভায় স্বনামধন্য বহু ব্যক্তিত্বকে আমন্ত্রণ জানানো হয়েছে বলে রানাঘাটের সাংসদ জগন্নাথ সরকার জানিয়েছেন। তিনি বলেন যে প্রথিতযশা যে সব মানুষ, এতদিন রাজনীতির আঙ্গিনায় ছিলেন না তাঁরাও এই সভায় যোগ দেবেন। সমাজের সর্বস্তরের বিশিষ্টজনদের উপস্থিতি এই সভাকে আরো তাৎপর্যপূর্ণ করে তুলবে বলে জগন্নাথ বাবু মন্তব্য করেন।

আমাদের জেলা সংবাদদাতা জানাচ্ছেন, প্রধানমন্ত্রী প্রায় ৩,২০০ কোটি টাকা মূল্যের যে দুটি জাতীয় মহাসড়ক প্রকল্পের উদ্বোধন ও ভিত্তিপ্রস্তর স্থাপন করবেন। এর মধ্যে আছে নদীয়া জেলার উপর দিয়ে যাওয়া -৩৪নম্বর জাতীয় সড়কের -এর বরজাগুলি-কৃষ্ণনগর অংশের ৬৬ দশমিক ৭ কিলোমিটার দীর্ঘ চার লেনের রাস্তার উদ্বোধন। পাশাপাশি তিনি উত্তর ২৪ পরগনা ও নদীয়া জেলার উপর দিয়ে যাওয়া - ৩৪নম্বর জাতীয় সড়কের বারাসাত-বরজাগুলি অংশের ১৭ দশমিক ৬ কিলোমিটার দীর্ঘ

চার লেনের রাস্তার ভিত্তিপ্রস্তর স্থাপন করবেন। এই দুটি প্রকল্প বাস্তবায়িত হলে কলকাতা ও শিলিগুড়ির মধ্যে যোগাযোগ আর উন্নত হবে।

প্রধানমন্ত্রীর সভার প্রেক্ষিতে অতিরিক্ত যাত্রীভিড় সামাল দিতে পূর্ব রেলের শিয়ালদা ডিভিশনের কল্যাণী-লালগোলা শাখায় আগামীকাল অতিরিক্ত ট্রেন চালানোর সিদ্ধান্ত নেওয়া হয়েছে। সেই অনুসারে লালগোলা-রানাঘাট EMU স্পেশাল সকাল সাড়ে ছ'টায় লালগোলা থেকে ছেড়ে সকাল ৯ টা ২৫ মিনিটে রানাঘাটে পৌঁছাবে। এছাড়াও কল্যাণী ও কৃষ্ণনগরের মধ্যে দুটি EMU স্পেশাল আগামীকাল সকাল ৭ টা ৪০ মিনিট ও ৮ টা ৪ মিনিটে কল্যাণী থেকে ছেড়ে সকাল ৮ টা ৩৬ মিনিট ও ৯ টায় কৃষ্ণনগর পৌঁছাবে।

এদিকে, কয়েকটি মেল/এক্সপ্রেস ট্রেন আগামীকাল অতিরিক্ত স্টপেজ দেবে। পাশাপাশি, দুপুর ১২ টা থেকে সন্ধ্যা ৬ টা পর্যন্ত রানাঘাট ও লালগোলার মধ্যে যাতায়াতকারী সমস্ত EMU ও মেমু লোকাল ট্রেন রানাঘাট ও লালগোলা মধ্যে সমস্ত স্টেশনে থামবে বলে রেল সূত্রে জানা গেছে।

সংসদের উভয় সভার অধিবেশন, আজ অনির্দিষ্টকালের জন্য মুলতুবি হয়ে গেছে। পয়লা ডিসেম্বর থেকে শুরু হয়ে ১৯ দিন চললো এই অধিবেশন। আজ প্রথমে লোকসভা ও পরে রাজ্যসভা মুলতুবি হয়ে যায়।

মুলতুবি হওয়ার আগে লোকসভার অধ্যক্ষ ওম বিড়লা বলেন, এবার ১৫টি অধিবেশনে ১১১ শতাংশ কাজ হয়েছে। সভা সুষ্ঠুভাবে পরিচালনার জন্য সকল সদস্যকে অভিনন্দন জানান তিনি।

সমাপ্তি ভাষণে রাজ্যসভার চেয়ারম্যান সি পি রাধাকৃষ্ণন বলেন, উচ্চকক্ষে এবারের অধিবেশনে ৯২ ঘন্টায় ১২১ শতাংশ কাজ হয়েছে। বিভিন্ন ঐতিহাসিক এবং গণতান্ত্রিক ইস্যুতে সদর্থক আলোচনায় সদস্যরা অংশ নিয়েছেন। বন্দে মাতরম্-এর সার্বশতবর্ষ নিয়ে বিশেষ আলোচনায় নিজেদের বক্তব্য রেখেছেন ৮২ জন সদস্য।

গ্রামীণ কর্মসংস্থান এর উদ্দেশ্যে সংসদে পাশ হয়েছে Viksit Bharat - Guarantee for Rozgar and Ajeevika Mission (Gramin): বা বিকশিত ভারত জি রাম জি ২০২৫ বিল. মহাত্মা গান্ধী গ্রামীণ কর্মনিশ্চয়তা আইন এর পরিবর্তে পাশ করা হয়েছে জি রাম জি বিল। এর ফলে ১০০ দিনের কাজের বদলে ১২৫ দিনের কাজ পাবে গ্রামের মানুষেরা। পশ্চিম বর্ধমানের অনিতা ঠাকুর আকাশবাণীকে জানিয়েছেন ১২৫ দিনের কাজে উপকৃত হবেন সবাই।

বাইট – অনিতা ঠাকুর

১০০ দিনের কাজের প্রকল্পের নাম মহাত্মা গান্ধী জাতীয় গ্রামীণ কর্মসংস্থান নিশ্চয়তা প্রকল্প থেকে বদলের প্রতিবাদে আই এন টি ইউ সি সেবা দল আজ কলকাতায় নিউ সেক্রেটারিয়েট বিল্ডিং এর সামনে বিক্ষোভ দেখায়। রাজ্য INTUC সেবা দলের সভাপতি প্রমোদ পাণ্ডে বলেন, প্রকল্পটি মহাত্মা গান্ধীর গ্রামীণ উন্নয়নের ভাবনাকে সামনে রেখে তৈরি করা হয়েছিল। কেন্দ্রীয় সরকার এই প্রকল্পের জন্য প্রাপ্য বরাদ্দ অর্থ সম্পূর্ণভাবে প্রদান করতে ব্যর্থ হয়েছে বলেও তার দাবি।

রাষ্ট্রীয় স্বয়ংসেবক সংঘের শতবর্ষ উদযাপন উপলক্ষ্যে শিলিগুড়িতে আজ প্রবুদ্ধ নাগরিক সম্মেলনের আয়োজন করা হয়। রাষ্ট্রীয় স্বয়ংসেবক সংঘের (আরএসএস) সরসঙ্ঘচালক ডঃ মোহন মধুসূদন ভাগবত, শিলিগুড়ির উত্তরবঙ্গ মারোয়াড়ি ভবনে আরএসএস-এর শতবর্ষ উদযাপন উপলক্ষ্যে আয়োজিত নাগরিক সম্মেলনে বক্তব্য রাখেন।

সল্টলেকের যুবভারতী ক্রীড়াঙ্গনে লিওনেল মেসির অনুষ্ঠানে বিশৃঙ্খলা ও ভাঙচুরের ঘটনায় রাজ্য সরকারের গঠিত মূল কমিটি ১৫ দিনের মধ্যে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জীর কাছে তাদের দ্বিতীয় রিপোর্ট পেশ করবে। একটি প্রতিবেদন

ভয়েসকাস্ট

এই পর্যায়ে একাধিক মন্ত্রীর ভূমিকা নিয়েও তদন্ত চলেছে বলে নবান্নে প্রশাসনিক সূত্রে জানা গিয়েছে। প্রাক্তন বিচারপতি অসীম রায়ের নেতৃত্বাধীন ওই কমিটি চারটি আলাদা কমিটির রিপোর্ট এবং সিটের তদন্তের অগ্রগতির উপর ভিত্তি করেই এই দ্বিতীয় রিপোর্ট তৈরি করছে। ক্রীড়া সচিব, রাজ্য পুলিশের ডিজি সহ অন্য কর্তারা ইতিমধ্যেই শোকজ নোটিসের জবাব দিয়েছেন। তদন্তে সেই জবাবও খতিয়ে দেখা হবে বেল জানা গেছে।

প্রশাসনিক সূত্রের খবর, তদন্তের স্বার্থে সিট প্রয়োজনে আরও আধিকারিক নিয়োগ করতে পারে। তবে এর জন্য নির্দিষ্ট কোনও সময়সীমা বেঁধে দেওয়া হয়নি। ফলে তদন্ত কতদিন চলবে, তা পুরোপুরি নির্ভর করছে রিপোর্টের বিষয়বস্তু এবং প্রাপ্ত তথ্যের উপর।

এদিকে রাজ্যের পূর্ত দফতর, সল্টলেক স্টেডিয়ামে ক্ষয়ক্ষতির পরিমাণ খতিয়ে দেখছে। কাঠামোগত ক্ষতি কতটা হয়েছে, তার বিস্তারিত মূল্যায়ন চলেছে। সিটের তরফে অনুমতি মিললে তবেই স্টেডিয়ামের পুনর্নির্মাণের কাজ শুরু হবে বলে নবান্ন সূত্রে জানানো হয়েছে।

যুবভারতী ক্রীড়াঙ্গনে ঐ অনুষ্ঠানের মূল উদ্যোক্তা শতদ্রু দত্তের বাড়িতে বিধাননগর পুলিশ কমিশনারেটের চার আধিকারিকরা আজ প্রায় দু ঘন্টা তল্লাশি চালায়। হুগলীর রিষড়ার বাঙ্গুর পার্কের ঐ বাড়িতে তল্লাশির সময় তাদের সঙ্গে ছিলেন রিষড়া থানার পুলিশও। এরপর তারা রিষড়া থানার আধিকারিকদের সঙ্গেও কথাবার্তা বলেন। তদন্তের স্বার্থেই পুলিশ এখনই কিছু বলতে চায়নি।

উল্লেখ্য, ১৩ ই ডিসেম্বরের ঐ ঘটনায় শতদ্রুকে বিমানবন্দর থেকেই গ্রেপ্তার করে পুলিশ। তাকে ১৪ দিনের পুলিশ হেফাজতে পাঠানো হয়েছে।

এদিকে, যুবভারতী ক্রীড়াঙ্গনে ভাঙচুরের ঘটনায় গতরাতে ধৃত তিনজনকে আজ বিধাননগর আদালতে তোলা হয়। রিজু দাশ ওরফে গোপাল দাস, সৌম্যদীপ দাশ ওরফে পাঙ্গু ও তন্ময় দে ওরফে দাস্তকে চোদ্দ দিনের জেল হেফাজতে পাঠানো হয়। এই নিয়ে পুলিশ ঐ ভাঙচুরের ঘটনায় মোট ৯ জনকে গ্রেপ্তার করল।

রাজ্যে ভোটের তালিকা প্রস্তুতি ও সংশোধন প্রক্রিয়াকে আরও স্বচ্ছ, নির্ভুল ও বিশ্বাসযোগ্য করতে নির্বাচন কমিশন, ইলেক্টোরাল রোল মাইক্রো অবজারভার নিয়োগের প্রস্তাবে সম্মতি দিয়েছে। আজ এই সংক্রান্ত নির্দেশিকা জারি করে কমিশন জানিয়েছে, বিশেষ নিবিড় সংশোধনী প্রক্রিয়ায় শুনানি পর্বকে আরও গ্রহণযোগ্য করে তুলতেই এই

সিদ্ধান্ত। শুনানির সময় জমা পড়া নথি সঠিক ভাবে যাচাই হচ্ছে কি না, দাবি ও আপত্তির ক্ষেত্রে নিয়ম মেনে সিদ্ধান্ত নেওয়া হচ্ছে কি না, তা খতিয়ে দেখবেন মাইক্রো অবজারভাররা। তাঁরা শুনানি কক্ষে উপস্থিত থেকে গোটা প্রক্রিয়া পর্যবেক্ষণ করবেন এবং কোথাও কোনও বিচ্যুতি বা অনিয়ম ধরা পড়লে তা সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে রিপোর্ট আকারে জানাবেন। নির্দেশিকায় বলা হয়েছে, রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের অধীনেই এই মাইক্রো অবজারভাররা কাজ করবেন। কেন্দ্রীয় সরকারি দপ্তরের গ্রুপ ‘বি’ বা তার উর্ধ্বতন আধিকারিকদের মধ্য থেকেই তাঁদের নিয়োগ করা হবে। প্রয়োজনে রাষ্ট্রীয়ত্ব ব্যাঙ্ক বা সংস্থার সমপর্যায়ের আধিকারিকদেরও এই দায়িত্বে আনা যেতে পারে।

উত্তর ২৪ পরগণার হাসনাবাদে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারীর মিছিল ও রাজনৈতিক সভার অনুমতিকে কেন্দ্র করে পুলিশের ভূমিকায় ক্ষোভ প্রকাশ করেছে কলকাতা হাইকোর্ট। আদালতের নির্দেশ পালন না করায় হাসনাবাদ থানার সাব ইনসপেক্টর প্রতিবিন্দু দাসকে জিজ্ঞাসাবাদের জন্য হাসনাবাদ থানায় তলব করা হয়েছে। বিচারপতি কৃষ্ণা রাও আদালতের নির্দেশ ইচ্ছাকৃত লঙ্ঘনের অভিযোগে তাকে ২২ ডিসেম্বর বেলা ২ টোয় হাজিরা দিতে বলেছেন।

মহিলাদের অনূর্ধ্ব ১৯ একদিনের ট্রফিতে বাংলা ২৪ রানে সৌরাষ্ট্রকে হারিয়ে দিয়েছে। মুম্বইয়ে বি কে সি মাঠে আজ টসে জিতে সৌরাষ্ট্র, বাংলাকে ব্যাট করতে পাঠায়। বাংলা ৪২ ওভার ৪ বলে ২৩৫ রান তোলে। ঈশ্বিতা মন্ডল ৬৬, দিব্যা নন্দী ৪৭, প্রিয়াঙ্কা গোলদার ৪২ রান করেন।

অনূর্ধ্ব ১৬ বিজয় মার্চেন্ট ট্রফি ক্রিকেটের দ্বিতীয় দিনের শেষে কেরল দ্বিতীয় ইনিংসে বাংলার থেকে ১০ রানে এগিয়ে আছে। কটকের DRIEMS মাঠে কেরল দ্বিতীয় ইনিংসে ১ উইকেটে ৫ রান করেছে। দেবর্ষ বি ১ রানে অপরাজিত আছেন। বাংলার মহম্মদ আসিফ উইকেটটি নেন। এর আগে বাংলা প্রথম ইনিংসে ১৯৩ রান করে। আকাশ যাদব ৬৯ রানে অপরাজিত ছিলেন ও সায়ক জানা ৪৩ রান করেছেন। কেরলের আদিথ্যন এস ভি ৫ টি উইকেট নেন। কেরল প্রথম ইনিংসে করে ১৭৮ রান। ধীরাজ গোপীনাথ ৬২ রান করেন। বাংলার প্রবীণ ছেত্রী ও ত্রিপর্ণ সামন্ত ৩ টি করে উইকেট নেন।
